



# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন, ০১৮৭-৭৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭  
web:https://bu.ac.bd, e-mail: registrarbu@bu.ac.bd



স্মারক নং-বিইউ/রেজি/নোটিস/১৪০/২০১৮


তারিখ: ১৭ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

## জরুরী নোটিস

### (নিরীক্ষা কার্যক্রমের জন্য প্রস্তুতি গ্রহণ)

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ডিন, সকল বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, প্রভোস্টবৃন্দ, অফিস প্রধান ও শাখা প্রধানদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের প্রেরিত পত্র (স্মারক নং:-৭০৬/এলএএস-১/মঞ্জুরী ও বরাদ্দ/নি:কর্মসূচী/২০১৮-২০১৯/৭৯০) মোতাবেক সরকারী অডিট টিম ৩১/০৩/২০১৯ থেকে ০৯/০৪/২০১৯ তারিখ পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয়ের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করবেন। এ প্রেক্ষিতে অডিট টিমকে নিরীক্ষা কার্যক্রমে সহায়তার লক্ষ্যে সকল বিভাগ/অফিস/শাখা অফিসকে তাদের নিজস্ব নথি, স্টক রেজিস্টারসহ বিভিন্ন রেজিস্টার, গবেষণা সরঞ্জামাদি, রাসায়নিক দ্রব্যাদি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি নিরীক্ষা কার্যক্রমের উপযোগী করে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতিব জরুরী বিধায় আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

  
৩০.০১.১৯  
রেজিস্ট্রার  
বরিশাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৪। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৫। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৭। পিএ কাম কম্পিউটার অপারেটর, ট্রেজারার কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। নোটিস বোর্ডসমূহ।
- ৯। সংশ্লিষ্ট নথি।
- ১০। মহানথি।